

**প্রাককথা :** চট্টগ্রাম বন্দর বাংলাদেশের ‘সমৃদ্ধির সর্ণদ্বার’। চট্টগ্রাম বন্দর কেবল অর্থনৈতিক ক্ষেত্রেই নয়; কল্যাণমুখী কার্যক্রম ও শিক্ষার প্রসারে গুরুত্বপূর্ণ অবদান রাখছে। বন্দর কর্তৃপক্ষের প্রত্যক্ষ ও পরোক্ষভাবে পরিচালিত বিভিন্ন স্কুল, কলেজ, মাদ্রাসা, মক্তব সহ বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান রাখছে অনন্য ভূমিকা। বন্দর কর্তৃপক্ষ উচ্চ বিদ্যালয় চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের সরাসরি তত্ত্বাবধানে পরিচালিত একটি স্বনামধন্য ঐতিহ্যবাহী বিদ্যাপীঠ।

**সংক্ষিপ্ত ইতিহাস :** ‘পোর্ট ট্রাস্ট হাইস্কুল’ নামে এই বিদ্যালয়ের যাত্রা শুরু হয় ১৯৫৯ সালে। লাল ইটের ছোট দালানেই চলত শ্রেণিকার্যক্রম। লাল দেয়ালের গায়ে ছিল একটি বড় ঘড়ি। বন্দরে কর্মরতদের পোষ্য ও বন্দরকে ঘিরে গড়ে উঠা আশ পাশের এলাকায় বসবাসকারী জনসাধারণের ছেলে মেয়েদের একমাত্র প্রাচীন এই প্রতিষ্ঠানে পাঠদান হতো প্রায় বিনামূল্যে। প্রতিষ্ঠা লগ্ন থেকে ১৯৬৬ সাল পর্যন্ত সহশিক্ষা কার্যক্রম চালু ছিল। পরবর্তীতে ১৯৭৬ সালে ইহা ‘বন্দর কর্তৃপক্ষ উচ্চ বিদ্যালয়’ হিসেবে কার্যক্রম শুরু করে। ২০১৩ সালে ইহা “বন্দর স্কুল এন্ড কলেজ” হিসেবে আত্মপ্রকাশ করে। তবে ২০১৫ সালে বন্দর কলেজ আলাদা হয়ে যায়। বর্তমানে একটি সুপরিসর আধুনিক সুযোগ সুবিধা সম্পর্কে ৪ তলা বিশিষ্ট ভবনে স্কুলের সার্বিক কার্যক্রম চলছে। সামনে রয়েছে একটি সুপ্রশস্ত খেলার মাঠ, পাশে দৃষ্টিনন্দন শহীদ মিনার, কেন্দ্রিন এবং একজন স্কুল শিক্ষকের নামে অত্যাধুনিক ‘শহীদ মো: ফজলুর রহমান মুসী অভিটোরিয়াম।’

### একনজরে বিদ্যালয় তথ্য কমিকা

* নাম	: বন্দর কর্তৃপক্ষ উচ্চ বিদ্যালয়, চট্টগ্রাম।
প্রতিষ্ঠাকাল	: ১৯৫৯ ইং
পূর্বনাম	: পোর্ট ট্রাস্ট হাইস্কুল (১৯৫৯-১৯৭৬)ইং।
প্রথম একাডেমিক এফিলিয়েশন	: ৭ জুন, ১৯৭১ইং
একাডেমিক অনুমোদন	: ১৯ নভেম্বর ১৯৭৩
EIIN - Code	: ১০৮২৪৭
School- Code	: ৩১৬০
ঠিকানা	: ডাকঘর+থানা- বন্দর, জিলা- চট্টগ্রাম-৮১০০।
নিয়ন্ত্রণকারী সংস্থা	: চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ।
প্রতিষ্ঠান প্রধান	: জনাব মোখতার হোসাইন।
জনবল	: প্রশিক্ষণ প্রাঙ্গ শিক্ষক-শিক্ষিকা ২৪ জন অফিস সহকারী-২ জন অফিস সহায়ক - ৬ জন
যোগাযোগ	: ০৩১-২৫২২২০০-২৯ (পি এ বি এল্যু) ফোন - ০৩১-২৫২১২১১ Ext. ৫৩২১ মোবাইল - ০১৮১৯-৬৪৪১৩৬ ওয়েবসাইট: cpahs.edu.bd